# ইসরাইলি ঘাঁটি লক্ষ্য করে হিজবুল্লাহর ড্রোন হামলা



ইসরাইলি সামরিক ঘাঁটিতে হিজবুল্লাহর ড্রোন হামলা। ছবি: সংগৃহীত

অধিকৃত গোলান মালভূমিতে ইসরাইলি সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্য করে ড্রোন হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহ। বুধবার (১৫ এপ্রিল) রাতে দেওয়া এক বিবৃতিতে তারা এ তথ্য জানায়। আন্তর্জাতিক গণমাধ্যম আলজাজিরাও বিষয়টি নিশ্চিত করেছে।

হিজবুল্লাহর দাবি অনুযায়ী, গোলান মালভূমির জাওরা অঞ্চলে একটি কামান অবস্থান এবং ওডেম এলাকায় আর্টিলারি ব্যাটালিয়নের কমান্ড সেন্টারকে লক্ষ্য করে এ হামলা পরিচালিত হয়।

তবে এখন পর্যন্ত এ হামলায় কোনো প্রাণহানি বা উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি। একইসঙ্গে, ইসরাইলি সামরিক বাহিনীও তাৎক্ষণিকভাবে এ বিষয়ে কোনো প্রতিক্রিয়া জানায়নি।

সাম্প্রতিক সময়ে দক্ষিণ লেবাননে ইসরাইলি হামলা বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে হিজবুল্লাহ পাল্টা আক্রমণ জোরদার করেছে। বিশ্লেষকদের মতে, গোলান মালভূমিতে এ ড্রোন হামলা চলমান উত্তেজনার ধারাবাহিকতারই অংশ।

LENS ASIA